ময়মনসিংহে “নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর” ভিন্ন অধিদপ্তরে নিয়ন্ত্রনের প্রতিবাদে মানববন্ধন পালিত

আইয়ুব আলী ময়মনসিংহ:: বর্তমানে “নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর” কে ভিন্ন অধিদপ্তরের নিয়ন্ত্রণে নেয়ার মাধ্যমে স্বতন্ত্র নার্সিং পেশাকে ধ্বংসের অপচেষ্টার প্রতিবাদে এবং বাংলদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) এবং নার্সিং ও মিডওয়াইফারি সংস্কার পরিষদ কর্তৃক উত্থাপিত দাবী সমূহ বাস্তবায়নের দাবীতে আজ দুপুরে ঘন্টাব্যাপী মানববন্ধন কর্মসুচী পালিত হয়েছে। দুপুর দইটায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সামনে যৌথভাবে এই মানববন্ধন কর্মসুচী পালন করে “বাংলদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)”, “বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি (বিএমএস)” এবং “সরকারি কর্মচারী কল্যাণ সমিতি (ডিজিএনএম)” । মানববন্ধনে বক্তারা বলেন, ৪৮ বৎসরের ইতিহাস, ঐতিহ্য ও অগ্রগতির স্বতন্ত্র নার্সিং প্রশাসন, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে বিলুপ্ত করে ভিন্ন অধিদপ্তরে একিভূত করার অপচেষ্টা চলছে। বক্তব্য রাখেন, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন ময়মনসিংহ শাখার সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক আনোয়ারুল হক, সহ-সভাপতি আজহারুল ইসলাম, কোষাধ্যক্ষ মাসুমা পারভিন, ছাত্র-ছাত্রী বিষয়ক প্রতিনিধি মোঃ আব্দুল আহাদ খান ও সাবেক সভাপতি লুতফর রহমান প্রমুখ।

বক্তারা আরও বলেন, মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা, ন্যায্যতা ও ন্যায়নীতির প্রতীক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর প্রত্যক্ষ হস্তক্ষেপে ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত স্বতন্ত্র নার্সিং প্রশাসন” সেবা পরিদপ্তর” যা উন্নীত বর্তমানে “নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর”। এই প্রতিষ্ঠান ধ্বংশের যে কোন ষড়যন্ত্র বন্ধ করা না হলে আরও কঠোর কর্মসুচী দেওয়া হবে বলে হুসিয়ারী দেন বক্তারা্।